গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর-৪৬.০০.০০০০.০০০.০৬৩.১১.০০০২.২৫-৮২৭

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪৩২ / ১৭ নভেম্বর ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দেশের বিভিন্ন পৌরসভার জন্য নিম্নবর্ণিত শূন্যপদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত পদের পার্শ্বে উল্লিখিত যোগ্যতা এবং বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://lgd.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র নং | পদের নাম ও বেতন গ্রেড | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | পৌর নির্বাহী কর্মকর্তা (ক শ্রেণি)<br>গ্রেড- ৯ম | ১৮-৩৫ বৎসর | ২৬<br>(ছাব্বিশ) টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রীসহ প্রশাসনিক কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা। |
| ২. | হিসাবরক্ষণ কর্মকর্তা<br>গ্রেড- ৯ম | ১৮-৩২ বৎসর | ৩১<br>(একত্রিশ) টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী। হিসাবরক্ষণ কাজে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। এসএএ ডিগ্রীধারীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| ৩. | সহকারী প্রকৌশলী (সিভিল)<br>গ্রেড- ৯ম | ১৮-৩২ বৎসর | ৮৪<br>(চুরাশি) টি | পুর প্রকৌশলে স্নাতক ডিগ্রী অথবা এএমআইইএও (পুর) সেকশান পাশ হতে হবে। |
| ৪. | মেডিকেল অফিসার<br>গ্রেড- ৯ম | ১৮-৩২ বৎসর | ১৭৭<br>(একশত সাতাত্তর) টি | এমবিবিএস পাশ। তবে প্রাথমিক-স্বাস্থ্য পরিচর্যা কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৫. | শহর পরিকল্পনাবিদ<br>গ্রেড- ৯ম | ১৮-৩২ বৎসর | ১৬৮<br>(একশত আটষট্টি) টি | বিএসসি ইঞ্জিনিয়ারিংসহ টাউন প্লানিং/রিজিওন্যাল প্লানিং- এ ডিপ্লোমা ডিগ্রীধারী হতে হবে।<br>অথবা<br>নগর পরিকল্পনা বিষয়ে স্নাতক ডিগ্রী থাকতে হবে। |
| ৬. | সমাজ উন্নয়ন কর্মকর্তা<br>গ্রেড- ৯ম | ১৮-৩২ বৎসর | ৫৭<br>(সাতান্ন) টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজ-বিজ্ঞানে স্নাতোকোত্তর ডিগ্রী। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৭. | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)<br>গ্রেড- ১০ তম | ১৮-৩২ বৎসর | ৭৭<br>(সাতাত্তর) টি | পুর প্রকৌশল ডিপ্লোমা অথবা স্বীকৃত প্রতিষ্ঠান হতে সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। |
| ৮. | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>গ্রেড- ১০ তম | ১৮-৩২ বৎসর | ১২২<br>(একশত বাইশ) টি | বিদ্যুৎ প্রকৌশল ডিপ্লোমা অথবা স্বীকৃত প্রতিষ্ঠান হতে সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। |
| ৯. | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>গ্রেড- ১০ তম | ১৮-৩২ বৎসর | ৮১<br>(একাশি) টি | যান্ত্রিক প্রকৌশল ডিপ্লোমা অথবা স্বীকৃত প্রতিষ্ঠান হতে সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। |
| ১০. | পৌর নির্বাহী কর্মকর্তা (খ শ্রেণি)<br>গ্রেড- ১০ তম | ১৮-৩২ বৎসর | ২০<br>(বিশ) টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রীসহ প্রশাসনিক কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ১১. | প্রশাসনিক কর্মকর্তা (ক শ্রেণি)<br>গ্রেড- ১২ তম | ১৮-৩২ বৎসর | ৪৫<br>(পয়তাল্লিশ) টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। প্রশাসনিক কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ১২. | প্রশাসনিক কর্মকর্তা (খ শ্রেণি)<br>গ্রেড- ১৩ তম | ১৮-৩২ বৎসর | ০৯<br>(নয়) টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। প্রশাসনিক কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। ০১/১১/২০২৫ তারিখে প্রার্থীর বয়স পূর্ববর্তী ছকের ৩ নং কলামে বর্ণিত বয়সসীমার মধ্যে হতে হবে। এসএসসি সনদের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। চাকুরির আবেদন ফরমে (Applicant's Copy) প্রার্থীর অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার কোন সুযোগ থাকবে না।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল প্রার্থীকে (প্রযোজ্য ক্ষেত্রে) মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৪। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে পৌরসভার ও সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণপূর্বক লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

৫। চাকরির জন্য আবেদন আগামী ২০/১১/২০২৫ তারিখ সকাল ১০.০০ টা হতে ১৫/১২/২০২৫ তারিখ বিকাল ০৫.০০ টা পর্যন্ত অনলাইনে (http://lgd.teletalk.com.bd) দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদনপত্র বাতিল মর্মে গণ্য হবে।

৬। প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক বা পৌরসভার মেয়র/প্রশাসক বা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা বা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

গ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য সকল কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক বা পৌরসভার মেয়র/প্রশাসক বা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা বা প্রথম শ্রেণির গেজটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ঙ) জাতীয় পরিচয়পত্র এর সত্যায়িত অনুলিপি;

চ) Online– এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)।

৭। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে।

৮। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এতদসংক্রান্ত বিধি-বিধানে কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৯। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১১। লিখিত, ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১২। আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তির কোনো পর্ব বা অনুচ্ছেদ সংযোজন/সংশোধন/পরিবর্তন/পরিমার্জন/বিজ্ঞপ্তি/নিয়োগ প্রক্রিয়া কোন কারণ দর্শানো ব্যতিরেকে স্থগিত/বাতিল করার সম্পূর্ণ অধিকার সংরক্ষণ করেন।

১৪। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://lgd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২০/১১/২০২৫ তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৫/১২/২০২৫ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রায় প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit- এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস -এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান**: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১, ২, ৩, ৪, ৫, ৬, ৮, ৯ ও ১০ ক্রমিক নম্বরের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা * Teletalk- এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, ১১ ক্রমিক নম্বরের জন্য পরীক্ষার ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা * Teletalk- এর সার্ভিস চার্জ বাবদ ১৮/- (আটারো) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা এবং ১২ ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা * Teletalk- এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বারো) টাকা Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না'।

**প্রথম** SMS LGD <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example LGD ABCDEF & Send to 16222.

Reply: Applicant's Name. Tk. 223/168/112/56 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type LGD <space> Yes <space> PIN and send to 16222

**দ্বিতীয়** SMS LGD <space> YES <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example LGD YES 12345678

Reply: Congratulations: Applicant's Name, payment completed successfully for LGD Application for (post name) User ID is (ABCDEF) and Password (XXXXXXXX)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://lgd.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: LGD <space> Help <space> User <space> User ID & Send to 16222

Example: LGD Help User ABCDEF

ii) PIN Number জানা থাকলে: LGD <space> Help <space> PIN <space> PIN Number & Send to 16222

Example: LGD Help PIN 12345678

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইট www.lgd.gov.bd এ (বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য) দেখা যাবে। টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময়, ফলাফল ও অন্যান্য তথ্য www.lgd.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে। লিখিত পরীক্ষার সময়সূচি প্রার্থীর আবেদনে উল্লিখিত মোবাইল নম্বরে এসএমএস-এর মাধ্যমেও জানানো হবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা lgpaura1@lgd.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেইজ https://www.facebook.com/alljobsbdTeletalk-এ মেসেজ -এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ-এর Subject-4 Organization Name: LGD, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৫। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(সুরাইয়া আখতার জাহান)
অতিরিক্ত সচিব
স্থানীয় সরকার বিভাগ
ও
আহবায়ক
পৌরসভাসমূহের ১ম ও ২য়
শ্রেণির কর্মকর্তা নিয়োগ ও
পদোন্নতি বাছাই কমিটি